

# বৈদ্যুতিক গাড়ির পথ বহু দূর!

নিজস্ব সংবাদদাতা

দূরণ ও জ্বালানি আমদানির খরচ কমাতে সরকারি মহল বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বাড়ানোর সওয়াল করলেও, তার উপযুক্ত নীতি, পরিকাঠামো ও সহায়ক পরিবেশের খামতি নিয়ে প্রশ্ন ওঠে বারবার। বৃহস্পতিবার বেঙ্গল চেম্বারের অনলাইন বৈঠকেও ফুটে

উঠল সেই ছবি। সরকারি কর্তা থেকে বিশেষজ্ঞদের অনেকেরই বক্তব্যে স্পষ্ট, প্রযুক্তি হোক বা পরিকাঠামো, সব ক্ষেত্রেই অনেক পথ হাঁটা বাকি। ক্রেতাদের প্রশ্ন, এক বার গাড়িতে চার্জ দিলে যতটা যাওয়া যায় (রেঞ্জ), তা কি যথেষ্ট? তা না-হলে চার্জিং স্টেশন কই? বৈঠকে এনার্জি এফিশিয়েলি সার্ভিসেসের এমডি এস গোপালও

বলেছেন, রেঞ্জ ও চার্জিং স্টেশন, দু'টিই ভীষণ জরুরি।

তার আগে সেখানেই আর এক আলোচনাচক্রে বিদ্যুৎমন্ত্রী শোভনদেৱ চট্টোপাধ্যায় অবশ্য বলেছেন, রাজ্যের সর্বত্র চার্জিং স্টেশন গড়তে পরিবহণ দফতরের সঙ্গে কথা চলছে। শিল্পকেও সেই কাজে এগিয়ে আসার আর্জি জানান তিনি।

